



## ইরানের হামলায় আমিরাতে বাংলাদেশিসহ ৩ জনের মৃত্যু



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাম্প্রতিক অভিযানের জবাবে ইরান যে হামলা চালিয়েছে, তার প্রভাব পড়েছে সংযুক্ত আরব আমিরাতে। সেখানে হামলার ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে, যাদের একজন বাংলাদেশি নাগরিক। আহত হয়েছেন আরও অন্তত ৫৮ জন। আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, তাদের আকাশসীমায় ১৬৫টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ধরা পড়ে। এর মধ্যে ১৫২টি মাঝ আকাশেই ধ্বংস করা হয়েছে। পাশাপাশি দুটি ড্রুজ ক্ষেপণাস্ত্রও প্রতিহত করা হয়েছে। এছাড়া ৫৪১টি ড্রোন শনাক্তের কথা জানিয়ে মন্ত্রণালয় বলেছে, সেগুলোর মধ্যে ৫০৬টি ভূপাতিত করা সম্ভব হয়েছে। নিহতদের বাকি দুজনের একজন পাকিস্তানের এবং অন্যজন নেপালের নাগরিক বলে নিশ্চিত করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

LENS ASIA